HS Class 12 3rd Semester Computer Application & Science Suggestion: উচ্চমাধ্যমিক কম্পিউটার সাজেশন PDF

উচ্চমাধ্যমিক (HS) 2025 সালের তৃতীয় সেমিস্টার পরীক্ষায় **Computer Science** এবং **Modern Computer Application** – দুটি বিষয়ই সমান গুরুত্বপূর্ণ। এই দুটি বিষয়েই পরীক্ষার নম্বর নির্ধারিত হয়েছে **৩৫ Marks**-এর উপর। সিলেবাস প্রায় এক এবং প্রশ্নপত্রের ধরণও অভিন্ন, তাই আলাদা আলাদা সাজেশন না দিয়ে আমরা এখানে একসঙ্গে **কমন সাজেশন** তুলে ধরলাম। এই সাজেশন থেকে শিক্ষার্থীরা সহজেই বুঝতে পারবে কোন কোন অধ্যায় ও টপিক্স বেশি গুরুত্ব দিয়ে পড়তে হবে।

Unit – অধ্যায়	বিষয়বস্তু (Topics)
Part I : পাইথন প্রোগ্রামিং (Python Programming) – 25 Marks	
অধ্যায় ১	**পাইথন প্রোগ্রামিংয়ের মৌলিক ধারণা (Basic Concepts of Python Programming)**
অধ্যায় ২	**ডেটা টাইপ সম্পর্কে ধারণা (Data Types)**
অধ্যায় ৩	**অপারেটরসমূহ (Operators)**

নোটস, সাজেশন, মক টেস্ট এবং স্কলারশিপ আপডেট - EduTips অ্যাপ ডাউনলোড করুন! GET IT ON Google Play

Unit – অধ্যায়	বিষয়বস্তু (Topics)
অধ্যায় ৪	এক্সপ্রেশন, স্টেটমেন্ট, টাইপ কনভার্সন এবং ইনপুট/আউটপুট (Expressions, Statements, Type Conversion & Input/Output)
অধ্যায় ৫	ত্রুটিসমূহ (Errors)
অধ্যায় ৬	কন্ট্রোলের প্রবাহ (Control Flow)
অধ্যায় ৭	কন্ডিশনাল স্টেটমেন্ট সমূহ (Conditional Statements)
অধ্যায় ৮	কন্ট্রোলের পুনরাবৃত্তি (Loops / Iteration)
অধ্যায় ৯	স্ট্রিং (Strings)
অধ্যায় ১০	লিস্ট (Lists)
অধ্যায় ১১	পাইথন মডিউলের পরিচিতি (Introduction to Python Modules)
অধ্যায় ১২	ফাংশন (Functions)
Part – II : ই-কমার্স (E-Commerce) – 10 Marks	
অধ্যায় ১৩	ইলেকট্রনিক কমার্সের পরিচিতি (Introduction to E-Commerce)
অধ্যায় ১৪	ইলেকট্রনিক পেমেন্ট সিস্টেম (Electronic Payment Systems)
অধ্যায় ১৫	ইন্টারনেট মার্কেটিং (Internet Marketing)

পাইথন প্রোগ্রামিং (Python Programming)

অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ:

Python প্রোগ্রামিংয়ে সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া উচিত **Functions, Lists, Strings, Loops এবং Conditional Statements**-এর উপর। Functions অধ্যায়ে built-in ও user-defined function, parameters, return values এবং scope of variables ভালোভাবে পড়তে হবে। Lists অধ্যায়ে list methods (append, insert, pop, sort ইত্যাদি), nested list এবং traversal বা iteration অত্যন্ত জরুরি। Strings অংশে slicing, traversal ও বিভিন্ন string methods যেমন `upper()`, `lower()`, `find()`, `replace()` ইত্যাদি ভালোভাবে অনুশীলন করা প্রয়োজন। Loops ও

Iteration অংশে for, while, nested loop, break ও continue-র ব্যবহার ভালোভাবে জানা থাকলে প্রোগ্রামিং লজিক তৈরি সহজ হবে। Conditional statements (if, if-else, elif) দিয়ে প্রোগ্রামের সিদ্ধান্তমূলক প্রবাহ তৈরি হয়, তাই এগুলো প্র্যাকটিস খুব দরকার।

মাঝারি গুরুত্বের অংশ :

Flow of Control অধ্যায়ে indentation, sequential, conditional ও iterative flow এর ধারণা রাখতে হবে। Operators অধ্যায়ে arithmetic (+, -, *), logical (and, or, not), identity (is, is not) এবং membership (in, not in) অপারেটর ব্যবহার বুঝতে হবে। Input/Output এবং type conversion অংশে input() দিয়ে ইউজার থেকে তথ্য নেওয়া ও print() দিয়ে আউটপুট দেখানো গুরুত্বপূর্ণ; পাশাপাশি int(), str() ইত্যাদি type conversion ফাংশন প্র্যাকটিস করতে হবে। Python Modules অধ্যায়ে math, random এবং statistics মডিউলের সাধারণ ফাংশন (যেমন sqrt(), randint(), mean() ইত্যাদি) খুব কাজে লাগে, তাই এগুলোতেও অনুশীলন জরুরি।

প্রাথমিক/তাত্ত্বিক গুরুত্বের অংশ:

Python-এর পরিচিতি অংশে এর বৈশিষ্ট্য, script mode ও interactive mode-এর পার্থক্য, tokens (keyword, identifier, literal, operator ইত্যাদি) এবং comment ব্যবহারের নিয়ম পড়া উচিত। Data Types অধ্যায়ে mutable ও immutable টাইপের পার্থক্য, string, list, tuple এবং dictionary-এর মৌলিক ব্যবহার জেনে রাখা প্রয়োজন। Errors অধ্যায়ে syntax error, logical error ও runtime error-এর উদাহরণসহ পার্থক্য বোঝা যথেষ্ট। এগুলো তুলনামূলকভাবে ছোট ও তাত্ত্বিক হলেও পরীক্ষার লিখিত অংশে প্রশ্ন আসতে পারে।

পাইথন প্রোগ্রামিং এর গুরুত্বপূর্ণ One Liner সাজেশন

পাইথন প্রোগ্রামিং একটি **প্র্যাকটিক্যাল ভিত্তিক অধ্যায়, যেখানে কোডিং নিয়ে কাজ করতে হয়**। এই অধ্যায়ে একাধিক গুরুত্বপূর্ণ চ্যাপ্টার রয়েছে যেগুলি ভালোভাবে প্রস্তুত করা জরুরি। ভালো নাম্বার পেতে নিচেরসাজেশনগুলির পাশাপাশি অবশ্যই টেক্সটবুক ভালোভাবে পড়তে হবে। আর যদি কোডিং সম্পর্কে ধারণা থাকে ও নিয়মিত প্র্যাকটিস করা যায়, তাহলে এই অধ্যায় থেকে ভালো নম্বর পাওয়া একেবারেই সহজ।

১) Python-এ function কী কাজ করে? – **কোড পুনঃব্যবহার ও সংগঠিত করতে সাহায্য করে।**
২) Function লেখার জন্য কোন কীওয়ার্ড ব্যবহার হয়? – **def**
৩) Function থেকে মান ফেরত দেওয়ার জন্য কোন কীওয়ার্ড ব্যবহার হয়? – **return**
৪) Python-এ variable-এর scope কয় প্রকার? – **Local ও Global**
৫) Function call মানে কী? – **Function কে চালানো বা এক্সিকিউট করা।**
৬) Python-এ list কী? – **Mutable data structure যা একাধিক মান রাখে।**
৭) List-এ উপাদান যোগ করার জন্য কোন method ব্যবহার হয়? – **append()**

নোটস, সাজেশন, মক টেস্ট এবং স্কলারশিপ আপডেট - EduTips অ্যাপ ডাউনলোড করুন! GET IT ON Google Play

৮) নির্দিষ্ট স্থানে উপাদান যোগ করতে কোন list method ব্যবহার হয়? – **insert()**

৯) List থেকে উপাদান মুছে ফেলতে কোন method ব্যবহার হয়? – **pop()**

১০) List সাজানোর জন্য কোন method ব্যবহার হয়? – **sort()**

১১) Nested list কী? – **List-এর ভিতরে list।**

১২) List traversal কী বোঝায়? – **List-এর প্রতিটি উপাদান একে একে পড়া।**

১৩) Python-এ string কী? – **Characters-এর immutable sequence।**

১৪) String-কে uppercase-এ রূপান্তর করতে কোন method ব্যবহার হয়? – **upper()**

১৫) String-কে lowercase-এ রূপান্তর করতে কোন method ব্যবহার হয়? – **lower()**

১৬) String-এ কোনো character-এর অবস্থান বের করতে কোন method ব্যবহার হয়? – **find()**

১৭) String-এর অংশ পরিবর্তন করতে কোন method ব্যবহার হয়? – **replace()**

১৮) String slicing বলতে কী বোঝায়? – **String-এর নির্দিষ্ট অংশ কেটে নেওয়া।**

১৯) Python-এ loop কয় প্রকার? – **for ও while**

২০) Loop থেকে জোরপূর্বক বের হতে কোন কীওয়ার্ড ব্যবহার হয়? – **break**

২১) Loop-এর iteration বাদ দিয়ে পরবর্তী iteration-এ যেতে কোন কীওয়ার্ড ব্যবহার হয়? – **continue**

২২) Nested loop বলতে কী বোঝায়? – **একটি loop-এর ভিতরে আরেকটি loop।**

২৩) Conditional statement কয় ধরনের হয়? – **if, if-else, elif**

২৪) if statement কী করে? – **শর্ত সত্য হলে নির্দিষ্ট কোড চালায়।**

২৫) if-else statement কী করে? – **শর্ত সত্য হলে এক কাজ, মিথ্যা হলে অন্য কাজ করে।**

২৬) elif statement কী কাজে লাগে? – **একাধিক শর্ত যাচাই করতে।**

২৭) Flow of control-এ indentation-এর ভূমিকা কী? – **কোড ব্লক আলাদা করে বোঝায়।**

২৮) Sequential flow বলতে কী বোঝায়? – **লাইন ধরে কোড চালানো।**

২৯) Conditional flow বলতে কী বোঝায়? – **শর্ত অনুযায়ী কোড চালানো।**

৩০) Iterative flow বলতে কী বোঝায়? – **কোড বারবার চালানো।**

৩১) Arithmetic operator উদাহরণ দাও – **+, -, * , /**

৩২) Logical operator কয়টি? – **and, or, not**

৩৩) Identity operator কয়টি? – **is, is not**

৩৪) Membership operator কয়টি? – **in, not in**

৩৫) Input নেওয়ার জন্য কোন function ব্যবহার হয়? – **input()**

৩৬) Output দেখানোর জন্য কোন function ব্যবহার হয়? – **print()**

৩৭) String কে integer-এ রূপান্তর করতে কোন function ব্যবহার হয়? – **int()**

৩৮) Integer কে string-এ রূপান্তর করতে কোন function ব্যবহার হয়? – **str()**

৩৯) Python-এ sqrt() কোন module-এর function? – **math**

৪০) randint() কোন module-এ পাওয়া যায়? – **random**

৪১) mean() কোন module-এর function? – **statistics**

৪২) Python-এর বৈশিষ্ট্য কী? – **ইন্টারপ্রেটেড, অবজেক্ট-ওরিয়েন্টেড, সহজ।**

নোটস, সাজেশন, মক টেস্ট এবং স্কলারশিপ আপডেট - EduTips অ্যাপ ডাউনলোড করুন! GET IT ON Google Play

৪৩) Script mode ও interactive mode-এর পার্থক্য কী? – **Script mode-এ ফাইল চালানো হয়, interactive mode-এ এক লাইনে কোড চালানো হয়।**

৪৪) Python-এ keyword কী? – **সংরক্ষিত শব্দ যা বিশেষ কাজ বোঝায়।**

৪৫) Identifier বলতে কী বোঝায়? – **Variable বা function-এর নাম।**

৪৬) Literal কী? – **স্থির মান যেমন সংখ্যা বা string।**

৪৭) Python-এ comment লেখার জন্য কোন symbol ব্যবহার হয়? – #

৪৮) Python-এ data type কয় প্রকার? – **Mutable ও Immutable**

৪৯) List কোন ধরনের data type? – **Mutable**

৫০) Tuple কোন ধরনের data type? – **Immutable**

৫১) Dictionary কী? – **Key-value pair-এর data structure।**

৫২) String কোন ধরনের data type? – **Immutable**

৫৩) Syntax error কবে হয়? – **ভুল নিয়মে কোড লিখলে।**

৫৪) Logical error কী? – **কোড চলে কিন্তু ফলাফল ভুল হয়।**

৫৫) Runtime error কবে হয়? – **প্রোগ্রাম চালানোর সময় ত্রুটি হলে।**

৫৬) Python-এ indentation না দিলে কী হবে? – **Error হবে।**

৫৭) for loop সাধারণত কোথায় ব্যবহার হয়? – **যখন iteration সংখ্যা জানা থাকে।**

৫৮) while loop কোথায় ব্যবহার হয়? – **যখন iteration সংখ্যা অজানা থাকে।**

৫৯) range() function কী কাজ করে? – **সংখ্যার একটি সিরিজ তৈরি করে।**

৬০) len() function কী কাজ করে? – **Sequence-এর দৈর্ঘ্য দেয়।**

৬১) max() function কী করে? – **সবচেয়ে বড় মান বের করে।**

৬২) min() function কী করে? – **সবচেয়ে ছোট মান বের করে।**

৬৩) sum() function কী করে? – **সব সংখ্যার যোগফল দেয়।**

৬৪) type() function কী কাজ করে? – **ডেটার ধরন জানায়।**

৬৫) id() function কী কাজ করে? – **অবজেক্টের ইউনিক ঠিকানা জানায়।**

৬৬) Python-এ pass statement কী করে? – **কিছুই করে না, placeholder হিসেবে থাকে।**

৬৭) abs() function কী দেয়? – **সংখ্যার পরম মান।**

৬৮) round() function কী করে? – **সংখ্যা রাউন্ড করে।**

৬৯) pow(a, b) কী করে? – **a-এর b তম ঘাত দেয়।**

৭০) divmod(a, b) কী করে? – **ভাগফল ও ভাগশেষ tuple আকারে দেয়।**

৭১) Python case-sensitive কি না? – **হ্যাঁ।**

৭২) Python কে তৈরি করেছিলেন? – **Guido van Rossum**

৭৩) Python কোন বছরে তৈরি হয়? – **১৯৯১ সালে**

৭৪) Python-এর সর্বশেষ সংস্করণ (2023 অনুযায়ী) কোনটি? – **Python 3.11**

৭৫) break statement loop-এ কী কাজ করে? – **লুপ থামিয়ে দেয়।**

৭৬) continue statement কী করে? – **বর্তমান iteration বাদ দিয়ে পরবর্তী iteration চালায়।**

৭৭) import statement কী কাজে লাগে? – **মডিউল প্রোগ্রামে যোগ করতে।**

নোটস, সাজেশন, মক টেস্ট এবং স্কলারশিপ আপডেট - EduTips অ্যাপ ডাউনলোড করুন! GET IT ON Google Play

Class 12 কম্পিউটার 3rd Sem উত্তরসহ স্মার্ট নোট সংগ্রহ করুন

সম্পূর্ণ PDF ইবুকটি পেয়ে যান EduTips স্টোর থেকে!

SCAN ME

LIMITED OFFER

store.edutips.in

Contact Us

+91 8062179966

CALL US

+91 9907260741

ছাত্র-ছাত্রীদের জন্য মাত্র 49 টাকায় সংগ্রহ করে নিতে পারবে!

৭৮) math মডিউলের pi কী বোঝায়? – **π (3.1416)**

৭৯) random মডিউলের choice() কী করে? – **একটি random মান বেছে নেয়।**

৮০) statistics মডিউলের median() কী করে? – **মধ্যম মান বের করে।**

৮১) String immutable মানে কী? – **String একবার তৈরি হলে বদলানো যায় না।**

৮২) List mutable মানে কী? – **List তৈরি হওয়ার পরেও পরিবর্তন করা যায়।**

৮৩) Dictionary-তে key কেমন হতে হবে? – **Immutable**

৮৪) Dictionary-তে value কেমন হতে পারে? – **যেকোনো data type**

৮৫) Python interpreter কী কাজ করে? – **কোড লাইন ধরে এক্সিকিউট করে।**

৮৬) Logical operator 'and' কবে True হয়? – **দুটি শর্তই সত্য হলে।**

৮৭) Logical operator 'or' কবে True হয়? – **যেকোনো একটি শর্ত সত্য হলে।**

৮৮) not operator কী করে? – **শর্তের বিপরীত মান দেয়।**

৮৯) Identity operator 'is' কী বোঝায়? – **দুটি ভেরিয়েবল একই অবজেক্ট কিনা।**

৯০) Membership operator 'in' কী করে? – **কোনো মান sequence-এ আছে কিনা যাচাই করে।**

৯১) tuple() function কী করে? – **Tuple তৈরি করে।**

৯২) list() function কী করে? – **List তৈরি করে।**

৯৩) dict() function কী করে? – **Dictionary তৈরি করে।**

৯৪) set() function কী করে? – **Set তৈরি করে।**

৯৫) Python-এ strip() কী কাজ করে? – **String-এর শুরুর ও শেষের ফাঁকা জায়গা মুছে দেয়।**

৯৬) split() function কী করে? – **String কে ভাগ করে list বানায়।**

৯৭) join() function কী করে? – **List-এর উপাদানকে string বানায়।**

৯৮) capitalize() কী করে? – **String-এর প্রথম অক্ষর বড় করে।**

৯৯) title() function কী করে? – **String-এর প্রতিটি শব্দের প্রথম অক্ষর বড় করে।**

১০০) count() function কী করে? – **String বা list-এ কোনো মান কতবার আছে তা দেয়।**

তোমাদের **সেমিস্টারের প্রস্তুতি, মক টেস্ট, প্র্যাকটিস** MCQ জন্য অবশ্যই **EduTips App** – বিনামূল্যে কোর্সে জয়েন করতে পারো।

EduTips App যুক্ত হয়ে যেও!

উচ্চমাধ্যমিক সেমিষ্টার প্রস্তুতি, নোট সাজেশন স্টাডি মকটেস্ট পাবে:

GET IT ON Google Play

👆 ছবিতে ক্লিক করুন

নোটস, সাজেশন, মক টেস্ট এবং স্কলারশিপ আপডেট - EduTips অ্যাপ ডাউনলোড করুন!

GET IT ON Google Play

ই-কমার্স (E-Commerce)

E-Commerce অধ্যায়ে সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো এর **সংজ্ঞা ও প্রকারভেদ (C2C, B2B, B2C, G2G ইত্যাদি)**, কারণ এগুলোর মাধ্যমে বোঝা যায় কোন ধরনের ব্যবসায়িক লেনদেন কোন পরিস্থিতিতে ব্যবহৃত হয়। একইভাবে Electronic Payment System যেমন Credit Card, Electronic Fund Transfer (EFT), e-cash এবং Paperless Bill বর্তমান অনলাইন লেনদেনের মূল ভরকেন্দ্র, তাই এগুলো পরিষ্কারভাবে উদাহরণসহ পড়তে হবে। এছাড়া Internet Marketing অংশে বিভিন্ন কৌশল, অনলাইন কেনাকাটার সুবিধা ও অসুবিধা, Internet Marketing Cycle এবং Personalization বিষয়গুলো তথ্যভিত্তিকভাবে মুখস্থের বদলে বুঝে পড়া বেশি কার্যকর হবে।

মাঝারি গুরুত্বের বিষয়গুলির মধ্যে রয়েছে **Internet, Intranet ও Extranet-এর পার্থক্য ও ব্যবহার**, যা মূলত তথ্যপ্রযুক্তি নির্ভর সংগঠনের কাঠামো বোঝাতে সাহায্য করে। পাশাপাশি B2B (Business to Business) অ্যাপ্লিকেশন ও Web Promotion পদ্ধতি যেমন ব্যানার, এক্সচেঞ্জ ও শপিং বট অনলাইনে ব্যবসা প্রসারের জন্য গুরুত্বপূর্ণ। এগুলো তুলনামূলকভাবে ছোট প্রশ্ন বা সংজ্ঞাভিত্তিক প্রশ্ন হিসেবে আসতে পারে, তাই সংক্ষেপে পরিষ্কারভাবে জানা থাকলেই যথেষ্ট।

অধ্যায়: ইলেকট্রনিক কমার্সের পরিচিতি

১) ই-কমার্সের পূর্ণরূপ কী? – **Electronic Commerce**
২) ই-কমার্স কোন ধরনের লেনদেন নয়? – **Online chatting**
৩) B2B মানে কী? – **Business to Business**
৪) নিচের কোনটি ই-কমার্সের সুবিধা নয়? – **সরাসরি শারীরিক যাচাই**
৫) ই-কমার্সে প্রধানত কোন প্রযুক্তি ব্যবহৃত হয়? – **ইন্টারনেট**
৬) C2C লেনদেনের উদাহরণ কোনটি? – **OLX-এ পণ্য বিক্রি**
৭) Shopping Bots এর কাজ কী? – **দাম তুলনা করা**
৮) B2C লেনদেনের ক্ষেত্রে কে বিক্রেতা? – **ব্যবসায়ী**
৯) নিচের কোনটি ই-কমার্সের প্রযুক্তিগত উপাদান নয়? – **Book Store**
১০) ই-কমার্সে Extranet ব্যবহৃত হয় কার জন্য? – **ব্যবসায়িক পার্টনারদের জন্য**
১১) SSL ব্যবহৃত হয় কেন? – **নিরাপদ লেনদেনের জন্য**
১২) নিচের কোনটি ই-কমার্সের লক্ষ্য নয়? – **কাস্টমার রিচ কমানো**
১৩) ই-কমার্সের একটি ওয়েব প্রচার কৌশল কী? – **Banner Ad**
১৪) ই-কমার্সের পরিধি বলতে কী বোঝায়? – **ব্যবসার সুযোগ**
১৫) mean(), median(), mode() কোন মডিউলের ফাংশন? – **statistics**
১৬) P2P লেনদেন মানে কী? – **Peer to Peer**
১৭) C2A অর্থ কী? – **Consumer to Administration**
১৮) কোনটি ই-কমার্স নয়? – **Bookstall**

নোটস, সাজেশন, মক টেস্ট এবং স্কলারশিপ আপডেট - EduTips অ্যাপ ডাউনলোড করুন! GET IT ON Google Play

১৯) G2G লেনদেন ঘটে কার মধ্যে? – **সরকারের মধ্যে**
২০) কোনটি ই-কমার্সের বিলম্ব ঘটাতে পারে? – **নিরাপত্তা**
২১) ইন্টারনেট ব্যাংকিং কোন পরিষেবা? – **E-service**
২২) ই-কমার্সের একটি গুরুত্বপূর্ণ অংশ কোনটি? – **সার্ভার**
২৩) B2G তে G কাকে বোঝায়? – **Government**
২৪) ই-কমার্সের মাধ্যমে কী করা যায় না? – **লাইভ ক্লাস নেওয়া**
২৫) ইন্টারনেট, ইনট্রানেট ও এক্সট্রানেটের মধ্যে কোনটি বাইরের ব্যবহারের জন্য? – **ইন্টারনেট ও এক্সট্রানেট**
২৬) EDI এর পূর্ণরূপ কী? – **Electronic Data Interchange**
২৭) ই-কমার্সে ট্রান্সঅ্যাকশন সাধারণত হয় কীভাবে? – **Electronically**
২৮) ই-কমার্সের একটি উদাহরণ কী? – **IRCTC থেকে টিকিট বুকিং**
২৯) কোনটি নিরাপত্তা সমস্যা নয়? – **Encryption**
৩০) পেমেন্ট গেটওয়ে ব্যবহৃত হয় কেন? – **অর্থ লেনদেনের জন্য**
৩১) ই-কমার্স ব্যবসার উপায় কী? – **অনলাইন স্টোর**
৩২) Smart Cart কোনটির সঙ্গে সম্পর্কিত? – **অনলাইন শপিং**
৩৩) কোনটি Web Advertising নয়? – **ATM Banner**
৩৪) ই-কমার্সের একটি প্রধান সুবিধা কী? – **কম সময়ে বেশি গ্রাহক পৌঁছানো**
৩৫) C2B লেনদেনের উদাহরণ কী? – **Freelancer কে কোম্পানি হায়ার করা**
৩৬) একটি B2C কোম্পানি কোনটি? – **Flipkart**
৩৭) ডেটা সুরক্ষা নির্ভর করে কোনটির উপর? – **SSL Certificate**
৩৮) কোনটি শুধুমাত্র ব্যবসায়িক ব্যবহারকারীদের জন্য? – **Intranet**
৩৯) পণ্য রিভিউ দেওয়া কোন সুবিধার মধ্যে পড়ে? – **Transparency**
৪০) সমস্যা হলে কারণ কী হতে পারে? – **Server Downtime**
৪১) কোনটি ই-কমার্সের মাধ্যমে পাওয়া যায় না? – **শারীরিক পরিদর্শন**
৪২) Cash on Delivery কী ধরনের পেমেন্ট? – **Postpaid**
৪৩) সবচেয়ে বেশি গুরুত্ব পায় কোনটি? – **ডিজিটাল নেটওয়ার্ক**
৪৪) B2A লেনদেনের উদাহরণ কী? – **সরকারকে কর প্রদান**
৪৫) B2C তে C কী বোঝায়? – **Customer**
৪৬) মিথ্যা বিবৃতি কোনটি? – **ই-কমার্সে সর্বদা ক্যাশ পেমেন্ট হয়**
৪৭) ওয়েবসাইটে মূল্য, বিবরণ, রেটিং কোথায় পাওয়া যায়? – **প্রোডাক্ট পেজে**
৪৮) সফল ই-কমার্স ব্যবসার জন্য কী প্রয়োজন? – **ওয়েবসাইট**
৪৯) Cart মানে কী? – **পণ্য যোগ করার ঝুড়ি**
৫০) G2C লেনদেন ঘটে কার মধ্যে? – **সরকার থেকে গ্রাহকের কাছে**
৫১) ডেলিভারির সমস্যা কী? – **পণ্য চুরি**
৫২) User Interface মানে কী? – **ব্যবহারকারীর পর্দা**
৫৩) অনলাইন পেমেন্টে সবচেয়ে বেশি ব্যবহৃত মাধ্যম কী? – **ইন্টারনেট ব্যাঙ্কিং**

নোটস, সাজেশন, মক টেস্ট এবং স্কলারশিপ আপডেট - EduTips অ্যাপ ডাউনলোড করুন! GET IT ON Google Play

৫৪) অনলাইনে নিরাপত্তার জন্য কী দরকার? – **এনক্রিপশন প্রযুক্তি**
৫৫) স্বয়ংক্রিয় বিজ্ঞাপন প্রদর্শনের কৌশল কী? – **স্পনসর্ড অ্যাড**
৫৬) ডিজিটাল ওয়ালেট ব্যবহার হয় কেন? – **অনলাইন অর্থ সংরক্ষণে**
৫৭) ডেলিভারির গতি নির্ভর করে কোনটির উপর? – **লজিস্টিক সার্ভিস**
৫৮) কাস্টমার সাপোর্ট কিভাবে দেওয়া হয়? – **Email, Chatbot, Call**
৫৯) সরাসরি মানুষ-মানুষ লেনদেন কোনটি? – **C2C**
৬০) কোনটি ই-কমার্স সাইট নয়? – **Wikipedia**
৬১) পণ্যের মূল্যবৃদ্ধি ঘটে কেন? – **মার্কেটিং খরচ বৃদ্ধির জন্য**
৬২) B2B লেনদেন ঘটে কার মধ্যে? – **দুইটি ব্যবসার মধ্যে**
৬৩) ইউজার অ্যাক্সেস কন্ট্রোল করতে সাহায্য করে কী? – **Firewalls**
৬৪) SEO ব্যবহৃত হয় কেন? – **ট্রাফিক বাড়াতে**
৬৫) কোনটি পেমেন্ট গেটওয়ে নয়? – **VLC**
৬৬) প্রোডাক্ট রিভিউ আসে কার থেকে? – **গ্রাহকের মতামত থেকে**
৬৭) আন্তর্জাতিক লেনদেনে গুরুত্বপূর্ণ বিষয় কী? – **বৈদেশিক মুদ্রা রূপান্তর**
৬৮) ডিজিটাল সিগনেচারের কাজ কী? – **নিরাপত্তা ও প্রমাণীকরণ**
৬৯) ক্লায়েন্ট ও সার্ভারের যোগাযোগ হয় কী দিয়ে? – **HTTP/HTTPS**
৭০) Shopping Bot ব্যবহৃত হয় কেন? – **দামে তুলনা করতে**
৭১) ব্যর্থতার কারণ হতে পারে না কোনটি? – **গুড প্রোডাক্ট ডিসপ্লে**
৭২) কোনটি ইন্টারনেট ব্যবহার করে না? – **SMS**
৭৩) Web Hosting ব্যবহৃত হয় কেন? – **সাইট স্টোর করার জন্য**
৭৪) ক্লায়েন্ট বলতে কাকে বোঝায়? – **ব্যবহারকারী**
৭৫) পেমেন্ট কনফার্মেশন সাধারণত কীভাবে হয়? – **SMS ও Email উভয়ের মাধ্যমে**
৭৬) সাইটকে জনপ্রিয় করতে কী প্রয়োজন? – **ভালো পণ্য ও সার্ভিস**
৭৭) পাসওয়ার্ড ভুলে গেলে কী করতে হয়? – **Forgot Password অপশন বেছে নিতে হয়**
৭৮) Third Party Logistics মানে কী? – **বাহ্যিক ডেলিভারি সংস্থা**
৭৯) Cart Abandonment মানে কী? – **পণ্য অ্যাড করেও অর্ডার না করা**
৮০) SEO ভালো থাকলে কী হয়? – **বিক্রি বাড়ে**
৮১) ই-কমার্সের মূল উদ্দেশ্য কী – **দ্রুত ও সহজভাবে অনলাইনে কেনাবেচা করা**
৮২) OTP এর পূর্ণরূপ কী – **One Time Password**
৮৩) পাইথনে Strip() ফাংশন কী কাজ করে – **স্ট্রিংয়ের আগে ও পরে থাকা ফাঁকা স্থান সরায়**
৮৪) ই-কমার্সে Cashless Transaction বলতে কী বোঝায় – **নগদ ছাড়া লেনদেন করা**
৮৫) Database Management System এর কাজ কী – **তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা করা**
৮৬) পাইথনে List কোন ধরনের ডেটাটাইপ – **Mutable ডেটাটাইপ**
৮৭) ই-কমার্সে Customer Review কেন গুরুত্বপূর্ণ – **কারণ এটি পণ্যের বিশ্বাসযোগ্যতা বাড়ায়**
৮৮) পাইথনে For লুপ কী কাজে লাগে – **একটি কাজ বারবার চালানোর জন্য**
৮৯) ই-কমার্সে SSL এর পূর্ণরূপ কী – **Secure Socket Layer**

নোটস, সাজেশন, মক টেস্ট এবং স্কলারশিপ আপডেট - EduTips অ্যাপ ডাউনলোড করুন! GET IT ON Google Play

উচ্চমাধ্যমিক 3rd সেমিস্টার

store.edutips.in

PREMIUM

HS 2026 পরীক্ষার সেরা প্রস্তুতি সাজেশন

₹40/-

₹40/-

₹40/-



₹40/-

₹49/-

₹49/-

₹49/-

₹49/-

₹59/-



₹59/-

₹59/-

₹59/-

LIMITED OFFER

CALL US
+91 9907260741

WhatsApp
+91 8062179966

উত্তরসহ Smart MCQ Notes PDF

৯০) Cyber Crime বলতে কী বোঝায় – **ইন্টারনেট ব্যবহার করে অপরাধমূলক কাজ করা**
৯১) পাইথনে Float ডেটাটাইপ কী বোঝায় – **দশমিক সংখ্যা**
৯২) ই-কমার্সে Return Policy কী – **পণ্য ফেরত দেওয়ার নিয়ম**
৯৩) পাইথনে Dictionary কী – **Key এবং Value জোড়ায় তথ্য সংরক্ষণ করে এমন ডেটাটাইপ**
৯৪) ই-কমার্সে CRM এর পূর্ণরূপ কী – **Customer Relationship Management**
৯৫) পাইথনে Input() ফাংশনের কাজ কী – **ইউজারের কাছ থেকে ডেটা নেওয়া**
৯৬) ই-কমার্সে Flash Sale বলতে কী বোঝায় – **সীমিত সময়ের জন্য বিশেষ ছাড়ে বিক্রি**
৯৭) পাইথনে While লুপের কাজ কী – **শর্ত সত্য হলে বারবার কোড চালানো**
৯৮) ই-কমার্সে CAPTCHA ব্যবহারের উদ্দেশ্য কী – **রোবট বা ভুয়া ব্যবহারকারী ঠেকানো**
৯৯) পাইথনে Boolean ডেটাটাইপ কী বোঝায় – **True বা False মান**
১০০) ই-কমার্সে Logistics এর কাজ কী – **পণ্য পরিবহন ও সরবরাহ নিশ্চিত করা**

অধ্যায়: ইলেকট্রনিক পেমেন্ট সিস্টেম

১) ইলেকট্রনিক পেমেন্ট সিস্টেম কী? – **ডিজিটাল মাধ্যমে অর্থ লেনদেন করা**
২) ইলেকট্রনিক পেমেন্ট সিস্টেমের উদাহরণ কোনটি? – **ক্রেডিট কার্ড**
৩) ইলেকট্রনিক পেমেন্ট সিস্টেমের মাধ্যমে লেনদেন সহজ হয় কেন? – **দ্রুত এবং নিরাপদ**
৪) ক্রেডিট কার্ডের বৈশিষ্ট্য কী? – **টাকা ধার করে ব্যবহার করা যায়**
৫) ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT) কী? – **ডিজিটাল মাধ্যমে ব্যাংক থেকে ব্যাংকে টাকা স্থানান্তর**
৬) পেপারলেস বিল মানে কী? – **ইলেকট্রনিকভাবে বিল তৈরি ও প্রদর্শন**
৭) মোবাইল পেমেন্টের প্রধান সুবিধা কী? – **যেকোন সময়, যেকোন জায়গা থেকে পেমেন্ট করা যায়**
৮) পুশ পেমেন্ট কী? – **ক্রেতা বিক্রেতার একাউন্টে টাকা পাঠায়**
৯) ইলেকট্রনিক ক্যাশ কী? – **ভার্চুয়াল বা ডিজিটাল মুদ্রা**
১০) ইলেকট্রনিক পেমেন্ট সিস্টেমের সবচেয়ে বড় সুবিধা কী? – **২৪/৭ লেনদেনের সুযোগ**
১১) নিরাপত্তা নিশ্চিত করতে কী ব্যবহৃত হয়? – **পাসওয়ার্ড এবং এনক্রিপশন**
১২) মূল উপাদান নয় কোনটি? – **কাগজ চেক**
১৩) মোবাইল ওয়ালেটের মাধ্যমে কী করা যায়? – **টাকা পাঠানো ও নেওয়া**
১৪) টোকেনাইজেশন কী? – **টাকা লেনদেনের সময় ব্যাংকের তথ্য গোপন রাখা**
১৫) ঝুঁকি কমায় কোনটি? – **এনক্রিপশন**
১৬) ক্রেডিট কার্ডের লিমিট কী বোঝায়? – **সর্বোচ্চ কত টাকা ধার নেওয়া যাবে**
১৭) ব্যাংক গেটওয়ে কী? – **ইলেকট্রনিক পেমেন্ট প্রক্রিয়ার মাধ্যম**
১৮) প্রয়োজনীয় উপকরণ কী? – **ইন্টারনেট সংযোগ**
১৯) ক্রেডিট কার্ডের ব্যবহার কবে শুরু হয়? – **ঋণ নিয়ে এবং পরবর্তীতে পরিশোধ করে**
২০) প্রধান বাধা কী? – **প্রযুক্তিগত জ্ঞান না থাকা**
২১) সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় কী? – **নিরাপত্তা নিশ্চিতকরণ**
২২) সবচেয়ে বেশি ব্যবহৃত পেমেন্ট মাধ্যম কী? – **ক্রেডিট/ডেবিট কার্ড**

নোটস, সাজেশন, মক টেস্ট এবং স্কলারশিপ আপডেট - EduTips অ্যাপ ডাউনলোড করুন! GET IT ON Google Play

২৩) OTP এর পূর্ণরূপ কী? – **One Time Password**
২৪) পেমেন্ট গেটওয়ের প্রধান কাজ কী? – **লেনদেনের তথ্য গ্রহণ ও যাচাই**
২৫) ক্রেডিট কার্ড ব্যবহার করলে বিল পেমেন্ট মানে কী? – **পরে টাকা পরিশোধ**
২৬) ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার মানে কী? – **একাউন্ট থেকে একাউন্টে টাকা স্থানান্তর**
২৭) নিরাপত্তা বাড়ায় কোনটি? – **এনক্রিপশন প্রযুক্তি ব্যবহার**
২৮) ডেবিট কার্ড ব্যবহারের জন্য কী প্রয়োজন? – **ব্যাংকে পর্যাপ্ত ব্যালেন্স থাকা**
২৯) মোবাইল পেমেন্টের প্রধান সুবিধা কী? – **যেকোন সময় পেমেন্ট করা যায়**
৩০) Fraud মানে কী? – **প্রতারণামূলক লেনদেন**
৩১) Record Keeping এর কাজ কী? – **লেনদেনের তথ্য সংরক্ষণ**
৩২) উদাহরণ নয় কোনটি? – **ক্যাশ রেজিস্টার**
৩৩) নিরাপত্তায় সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় কী? – **পাসওয়ার্ড এবং এনক্রিপশন**
৩৪) Paperless Bill এর উদাহরণ কী? – **ইমেইল বিল**
৩৫) অপরিহার্য উপাদান কী? – **ইন্টারনেট সংযোগ**
৩৬) ক্রেডিট কার্ড ব্যবহার করে বিল পেমেন্ট কখন হয়? – **লেনদেনের পরে টাকা পরিশোধ**
৩৭) সুবিধা কী? – **দ্রুত ও সুরক্ষিত লেনদেন**
৩৮) Value Exchange System কী? – **ডিজিটাল মাধ্যমে পণ্য বা সেবা ক্রয়**
৩৯) Random Module এর কাজ কী? – **র‍্যান্ডম সংখ্যা তৈরি**
৪০) Mediator কারা? – **লেনদেনের সময় অংশগ্রহণকারী পক্ষগুলি**
৪১) ক্রেডিট কার্ডের বৈশিষ্ট্য নয় কোনটি? – **আগাম টাকা জমা রাখা লাগে**
৪২) ব্যাংক গেটওয়ের কাজ কী? – **ইলেকট্রনিক পেমেন্ট প্রক্রিয়ার মধ্যস্থতা**
৪৩) লেনদেন করতে গেলে কী প্রয়োজন? – **নিরাপদ ইন্টারনেট সংযোগ**
৪৪) Fraud থেকে রক্ষা পেতে কী ব্যবহার করা হয়? – **এনক্রিপশন ও পাসওয়ার্ড**
৪৫) Record Keeping কেন প্রয়োজন? – **লেনদেনের হিসাব রাখা ও তদারকি**
৪৬) Push Payment কী? – **পেমেন্ট প্রেরণকারী টাকা পাঠায়**
৪৭) Tokenization এর কাজ কী? – **সংবেদনশীল তথ্য লুকানো**
৪৮) Bill Payment কী বোঝায়? – **বিদ্যুৎ, পানি ইত্যাদি বিল অনলাইনে পরিশোধ**
৪৯) Value Exchange কাকে বলে? – **ডিজিটাল মাধ্যমে পণ্য বা সেবা কেনা-বেচা**
৫০) সবচেয়ে জরুরি কী? – **নিরাপদ এবং নির্ভরযোগ্য নেটওয়ার্ক**
৫১) নিরাপত্তার জন্য কী ব্যবহার করা হয়? – **Encryption**
৫২) পরে টাকা পরিশোধ করা যায় কোন কার্ডে? – **Credit Card**
৫৩) মোবাইল ফোন থেকে টাকা পাঠানো কী নামে পরিচিত? – **Mobile Payment**
৫৪) টাকা একাউন্ট থেকে একাউন্টে স্থানান্তর কী নামে পরিচিত? – **Electronic Fund Transfer**
৫৫) একবার ব্যবহারযোগ্য পাসওয়ার্ড কী নামে পরিচিত? – **One Time Password**
৫৬) দ্রুততা ও নিরাপত্তা নিশ্চিত করে কী? – **Payment Gateway**
৫৭) কোন কার্ড ব্যবহারের সময় ব্যাংক অ্যাকাউন্টে টাকা থাকতে হয়? – **Debit Card**
৫৮) অনলাইনে বিল পরিশোধের জন্য কী ব্যবহার হয়? – **Paperless Bill**

নোটস, সাজেশন, মক টেস্ট এবং স্কলারশিপ আপডেট - EduTips অ্যাপ ডাউনলোড করুন! GET IT ON Google Play

৫৯) পেমেন্টের ধরন দুটি কী? – **Push Payment এবং Pull Payment**
৬০) লেনদেন কেমন হয়? – **Secure**
৬১) সংবেদনশীল তথ্য নিরাপদ রাখার পদ্ধতি কী? – **Tokenization**
৬২) UPI কী? – **Payment System**
৬৩) তথ্য সংরক্ষণ ও তদারকির প্রক্রিয়া কী? – **Record Keeping**
৬৪) অবৈধ ক্রিয়া যেখানে টাকা বা তথ্য চুরি হয় সেটি কী? – **Fraud**
৬৫) পেমেন্ট গেটওয়ে কী করে? – **Verification**
৬৬) সুরক্ষিত লেনদেনের জন্য কী ব্যবহার করা হয়? – **Password**
৬৭) টাকা পাঠানো প্রক্রিয়াকে কী বলা হয়? – **Transaction**
৬৮) ডিজিটাল অ্যাকাউন্ট যেখানে টাকা জমা রাখা যায় সেটি কী? – **E-Wallet**
৬৯) মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে কী পাওয়া যায়? – **Banking Services**
৭০) ক্রেডিট কার্ডে কেনাকাটার বিল কবে পরিশোধ হয়? – **পরে**

অধ্যায়: ইন্টারনেট মার্কেটিং

১) ইন্টারনেট মার্কেটিং বলতে কী বোঝায়? – **ইন্টারনেটের মাধ্যমে পণ্য ও সেবা বাজারজাত করা**
২) অনলাইনে কেনাকাটার প্রধান সুবিধা কী? – **সময় ও জায়গা বাঁচে**
৩) অনলাইন শপিংয়ের অসুবিধার মধ্যে কোনটি সঠিক? – **ডেলিভারি বিলম্ব হতে পারে**
৪) SEO এর পূর্ণরূপ কী? – **সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন**
৫) ই-মেইল মার্কেটিং এর প্রধান কাজ কী? – **গ্রাহকদের নিয়মিত অফার পাঠানো**
৬) কেন অনলাইনে পণ্যের মূল্য তুলনা করা যায়? – **বিভিন্ন ওয়েবসাইট থেকে তথ্য পাওয়ার কারণে**
৭) ইন্টারনেট মার্কেটিংয়ের কোনটি একটি কৌশল নয়? – **প্রিন্ট মার্কেটিং**
৮) পার্সোনালাইজেশন বলতে কী বোঝায়? – **গ্রাহকের পছন্দ অনুযায়ী প্রস্তাব তৈরি**
৯) ই-সাইকেল এর কোন ধাপটি অন্তর্ভুক্ত নয়? – **পণ্য উৎপাদন**
১০) সোশ্যাল মিডিয়ার ইন্টারনেট মার্কেটিংয়ে ভূমিকা কী? – **বিজ্ঞাপন প্রচার করা**
১১) কোনটি অনলাইন মার্কেটিং এর একটি উদাহরণ? – **সোশ্যাল মিডিয়া প্রচার**
১২) অনলাইন মার্কেটিংয়ে PPC মানে কী? – **পে পার ক্লিক**
১৩) কোনটি ইমেল মার্কেটিং এর সুবিধা নয়? – **ইমেল ঠিকানা ছাড়া কাজ হয় না**
১৪) ইন্টারনেট মার্কেটিংয়ের জন্য সবচেয়ে ভালো সময় কোনটি? – **সবসময়**
১৫) কোনটি ই-কমার্স এর ধরন নয়? – **T2T (Teacher to Teacher)**
১৬) একটি ভালো ওয়েবসাইটে কী থাকা প্রয়োজন? – **সহজ নেভিগেশন**
১৭) কোনটি ইন্টারনেট মার্কেটিংয়ের জন্য গুরুত্বপূর্ণ নয়? – **শুধুমাত্র দোকানে বিক্রয়**
১৮) কনটেন্ট মার্কেটিং বলতে কী বোঝায়? – **তথ্যবহুল লেখা বা ভিডিও তৈরি**
১৯) কোনটি অনলাইন পেমেন্ট এর উদাহরণ? – **ক্রেডিট কার্ড**
২০) সোশ্যাল মিডিয়ায় কোন ধরনের মার্কেটিং বেশি কার্যকর? – **ভিডিও মার্কেটিং**
২১) কিওয়ার্ড রিসার্চ কেন গুরুত্বপূর্ণ? – **সঠিক কিওয়ার্ড খুঁজে SEO উন্নত করা**

নোটস, সাজেশন, মক টেস্ট এবং স্কলারশিপ আপডেট - EduTips অ্যাপ ডাউনলোড করুন! GET IT ON Google Play

২২) কোনটি ইন্টারনেট মার্কেটিং এ স্প্যাম সৃষ্টি করে? – **অপ্রয়োজনীয় ইমেল পাঠানো**
২৩) সোশ্যাল মিডিয়ায় বিজ্ঞাপন প্রচারে সবচেয়ে বেশি ব্যবহার হয় কোন প্ল্যাটফর্ম? – **ফেসবুক**
২৪) অনলাইন মার্কেটিংয়ের জন্য কোন ধরণের কন্টেন্ট বেশি কার্যকর? – **ভিডিও**
২৫) পে-পার-ক্লিক বিজ্ঞাপনে বিজ্ঞাপনদাতা কী পরিশোধ করে? – **বিজ্ঞাপনে ক্লিকের জন্য**
২৬) কাস্টমার রিভিউ কেন গুরুত্বপূর্ণ? – **নতুন গ্রাহক আনে**
২৭) অনলাইন মার্কেটিংয়ে 'Lead Generation' বলতে কী বোঝায়? – **সম্ভাব্য গ্রাহকের তথ্য সংগ্রহ**
২৮) কোনটি মোবাইল মার্কেটিং এর অংশ নয়? – **রেডিও বিজ্ঞাপন**
২৯) অনলাইন মার্কেটিং এর মাধ্যমে ব্যবসায়িক লাভ বাড়ানো হয় কীভাবে? – **বিশ্বব্যাপী গ্রাহকদের কাছে পৌঁছে**
৩০) কোনটি ইন্টারনেট মার্কেটিং এর জন্য উপযুক্ত ডিজিটাল মাধ্যম নয়? – **ফ্যাক্স মেশিন**
৩১) ইন্টারনেট মার্কেটিং এর আরেক নাম কী? – **ডিজিটাল মার্কেটিং**
৩২) ওয়েবসাইটে পণ্য বা সেবা বিক্রির প্রক্রিয়াকে কী বলে? – **ই-কমার্স**
৩৩) গ্রাহকের প্রয়োজন অনুযায়ী প্রোডাক্ট সাজানোর কৌশল কী? – **পার্সোনালাইজেশন**
৩৪) সোশ্যাল মিডিয়া মার্কেটিংয়ের প্রধান প্ল্যাটফর্ম কোনটি? – **ফেসবুক**
৩৫) পে-পার-ক্লিক বিজ্ঞাপনে বিজ্ঞাপনদাতা প্রতি কী পেমেন্ট করে? – **Click**
৩৬) গ্রাহকদের নিয়মিত অফার পাঠানোর জন্য ব্যবহৃত মাধ্যম কী? – **ইমেইল**
৩৭) অনলাইন শপিংয়ের প্রধান অসুবিধা কী? – **Delivery delay**
৩৮) SEO মানে কী? – **Search Engine Optimization**
৩৯) ইন্টারনেট মার্কেটিংয়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ কৌশল কী? – **Target Audience Identification**
৪০) অনলাইন মার্কেটিংয়ে কাস্টমারের মতামত নেওয়ার প্রক্রিয়াকে কী বলে? – **Customer Review**
৪১) ই-মেইল মার্কেটিংয়ে প্রোমোশনাল মেসেজ পাঠানো হয় কোন মাধ্যমে? – **Email**
৪২) একটি ওয়েবসাইটের লোডিং স্পিড বাড়াতে হলে কী কমাতে হয়? – **Image Size**
৪৩) অনলাইনে পণ্যের দাম তুলনা করার জন্য কী ব্যবহার হয়? – **Price Comparison Websites**
৪৪) ভিডিও মার্কেটিং এর জনপ্রিয় প্ল্যাটফর্ম কোনটি? – **YouTube**
৪৫) গ্রাহকরা অসন্তুষ্ট হলে কী দিতে পারেন? – **Negative Review**
৪৬) ই-কমার্সে অর্থ প্রদান হয় কোন মাধ্যমে? – **Online Payment Gateways**
৪৭) ইন্টারনেট মার্কেটিংয়ে গ্রাহক আকর্ষণের একটি পদ্ধতি কী? – **Discounts and Offers**
৪৮) অনলাইন মার্কেটিংয়ের মাধ্যমে বিশ্বব্যাপী বিক্রি বৃদ্ধির সুযোগ পাওয়া যায় কীভাবে? – **Global Reach**
৪৯) গ্রাহকের সন্তুষ্টি মাপার প্রক্রিয়াকে কী বলে? – **After-Sales Service**
৫০) ইন্টারনেট মার্কেটিংয়ে পণ্য প্রচারের জন্য ব্যবহৃত ডিজিটাল মাধ্যম কী? – **Social Media Platforms**.

✅ তোমরা সংগ্রহ করতে পারো অধ্যায় ভিত্তিক Chapterwise 👇 **নতুন সেমিস্টার MCQ স্মার্ট সাজেশন Notes PDF! [মাত্র 49 টাকা]**

👆 সংগ্রহ করতে ছবিতে ক্লিক করুন!

উচ্চমাধ্যমিক Class 12 সেমিস্টার প্রস্তুতির জন্য অবশ্যই আমাদের "টার্গেট" **whatsapp গ্রুপ** জয়েন করতে পারো: **Join Group Now** ↗️

আমাদের **হোয়াটসঅ্যাপ** ও **টেলিগ্রাম** গ্রুপে যুক্ত হোন -

Join Group **Telegram**

মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, পরীক্ষার প্রস্তুতি এবং স্কলারশিপ আপডেট: নিচে ক্লিক করে অ্যাপ ডাউনলোড করুন ➥

Download FREE App

Trusted by **50K+** Students

Edutips





মাত্র 85 টাকায় সায়েন্স অনলাইন টেস্ট!

এনরোল করার লিংক

store.edutips.in

ENROLL NOW

সেরা সাজেশন প্র্যাকটিস ব্যাচ!

LIMITED OFFER

CALL US
+91 9907260741

WhatsApp
+91 8062179966

গুরুত্বপূর্ণ আপডেট পরীক্ষার সাজেশন

হোয়াটসঅ্যাপে পেতে

স্ক্রিনশট নিয়ে, Scan করে
জয়েন হয়ে যাও!

edutips.in

Edutips

@ edutipsbangla

উচ্চমাধ্যমিক সেমিষ্টার প্রস্তুতি, নোট সাজেশন স্টাডি
মকটেস্ট পাবে: EduTips App যুক্ত হয়ে যেও!

GET IT ON Google Play